
NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR
ADULT DAYCARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
elderplan
a participating agency of MJHS Health System
Anthem
Hamaspik
MANAGED CARE
RiverSpring Living
MetroPlus Health
S W H
Senior Whole Health
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
FUHAD HUSSAIN
CCO
MOHAMMAD ZAHID ALAM
CFO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ
GROUP
Design by: ihopeprint.com, 929-538-7903
CONTACT US:
Off: 718-516-3424
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
86-11 101 Avenue,
Ozone Park, NY 11416

# NY INSURANCE BROKERAGE INC

NY I
NY INSURANCE BROKERAGE

# আপনি কি TLC প্লেট নিতে চান??

**NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ**

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২)
প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি,
তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**

Design & Print by: ihopeprint.com, 929-538-7903



**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372
office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

## সম্পাদকীয়

# আমরা জোকারের জগতে আছি!

ভারসাম্যহীন বিশ্বলয়ে বাস করছি আমরা। সেটা মানসিক কিংবা ক্ষমতার ভারসাম্যহীনতার হতে পারে। কেউ হয়তো বলবেন জোকারের জগতে আছি। মানব সভ্যতাকে নিয়ে বানর খেলায় মত্ত। একটি ধর্মীয় রাষ্ট্রের তাবেদারিতায় নির্লজ্জ উন্মাদনা চলছে। বিশ্ব নির্বিকার। বাকশক্তিহীন। ইজরাঈলী রাষ্ট্রের ক্রিড়ণক হয়ে যখন বিশ্বের সবচেয়ে শক্তিশালী রাষ্ট্রের প্রধান বিবেক ও সভ্যতাকে ধুলিসাৎ করে তখন মানবতা নিভৃতে কাঁদে। কিছু বলার থাকে না।

একটি রাষ্ট্র পারমানবিক বোমাহীন। বোমা বানাবে এমন ঘোষণাও তারা দেয়নি। বানাতে পারে এমন আশংকায় একটি জাতির উপর যুদ্ধ চাপিয়ে দেয়া হলো। বিনা উস্কানীতে সে দেশের সকল শীর্ষ নেতৃত্বকে হত্যা করা হলো। যুক্তি তাদের পারমানবিক শক্তিধর হতে দেয়া যাবে না। অথচ পারমানবিক বোমা রয়েছে এমন রাষ্ট্র উত্তর কোরিয়া, ইজরাঈল কিংবা পাকিস্তানের ব্যাপারে কোন রা নেই। শক্তিশালী একটি মুসলিম রাষ্ট্রকে ধ্বংস করাই কি উদ্দেশ্য নয়?

> ট্রুথ সোশ্যালে দেওয়া পোস্টে ট্রাম্প লিখেছেন, 'পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরীফ ও ফিল্ড মার্শাল আসিম মুনিরের সঙ্গে আলোচনার ভিত্তিতে, যেখানে তারা অনুরোধ করেছিলেন যেন আমি আজ রাতে ইরানে ধ্বংসাত্মক শক্তি প্রয়োগ থেকে বিরত থাকি; এবং ইরান যদি হরমুজ প্রণালি সম্পূর্ণ, অবিলম্বে এবং নিরাপদভাবে খুলে দিতে সম্মত হয়-তবে আমি দুই সপ্তাহের জন্য ইরানে বোমাবর্ষণ এবং হামলা স্থগিত রাখতে রাজি হয়েছি।' এমনি একটি একজন অস্থির কমান্ডার ইন চিফের রাষ্ট্রে আমরা বাস করছি

ডোনাল্ড ট্রাম্প ৪৮ ঘন্টার ঘোষণা দিয়ে একটি জাতিকে নিশ্চিহ্ন করতে চাইলেন। মজার ব্যাপার হলো সে জাতি পালিয়ে যায় নি। আশ্রয় নেয়নি অন্য কোথাও গিয়ে। মৃত্যুকে আলিঙ্গনের শপথ নিয়ে তারা রাস্তায় নেমে আসলেন। দেশময় গড়ে তুললেন মানব বন্ধন। মানব ঢাল। মৃত্যুর জন্য প্রস্তুত সমগ্র জাতি। অবাক হয়ে বিশ্ব তাকিয়ে রয়। ভয়ে না ভয়ে বীর। রাতের মধ্যে ট্রাম্প পুরো ইরানকে 'ধ্বংসস্তূপ' করে দেয়ার হুঁশিয়ারি দিলেন। তিনি বলেছেন, মঙ্গলবার স্থানীয় সময় মধ্যরাতে (বাংলাদেশের সময় বুধবার ভোর ৬টা) আল্টিমেটাম শেষ হবে। এর আগে যদি কোনো চুক্তি না করে ইরান, তাহলে 'এ রাতে পুরো একটি সভ্যতার মৃত্যু ঘটবে'। ট্রাম্পের হুমকিতে মোটেও টলেনি ইরান।

পক্ষান্তরে ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান সাফ জানিয়ে দিয়েছেন দেশের প্রতিরক্ষায় জীবন দিতে প্রস্তুত ইরানি জাতি। সেই সঙ্গে নিজেও জীবন উৎসর্গ করার প্রত্যয় ঘোষণা করেছেন তিনি। তার যুব ও ক্রীড়া বিষয়ক উপমন্ত্রী দেশবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন, তারা যেন বিদ্যুৎকেন্দ্রগুলোর চারপাশে 'মানব ঢাল' তৈরি করে। ট্রাম্পের উন্মাদনা নিয়ে খোদ যুক্তরাষ্ট্রেই সমালোচনা শুরু হয়েছে। মার্কিন রাজনীতিকরা তাকে উন্মাদ, পাগল, ভারসাম্যহীন মানসিকতার বলে অভিহিত করছেন। ইরানকে ধুলিসাৎ করার সেই রাত আসার আগেই ডোনাল্ড ট্রাম্প সরে আসলেন। দুই সপ্তাহের জন্য ইরানে হামলা ও বোমাবর্ষণের হুমকি স্থগিত করেছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি বলেন, 'আমি দুই সপ্তাহের জন্য ইরানে বোমাবর্ষণ এবং হামলা স্থগিত রাখতে সম্মত হয়েছি।' উত্তম বোধদয় আর কি।

ট্রাম্প জানান, ইরান গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালি পুনরায় খুলে দিতে সম্মত হতে হবে- এমন শর্তে তিনি এই যুদ্ধবিরতি চুক্তিতে রাজি হয়েছেন। স্থানীয় সময় মঙ্গলবার (৭ এপ্রিল) সন্ধ্যায় ট্রুথ সোশ্যালে দেওয়া এক পোস্টে তিনি এ কথা জানান।

ট্রুথ সোশ্যালে দেওয়া পোস্টে ট্রাম্প লিখেছেন, 'পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরীফ ও ফিল্ড মার্শাল আসিম মুনিরের সঙ্গে আলোচনার ভিত্তিতে, যেখানে তারা অনুরোধ করেছিলেন যেন আমি আজ রাতে ইরানে ধ্বংসাত্মক শক্তি প্রয়োগ থেকে বিরত থাকি; এবং ইরান যদি হরমুজ প্রণালি সম্পূর্ণ, অবিলম্বে এবং নিরাপদভাবে খুলে দিতে সম্মত হয়-তবে আমি দুই সপ্তাহের জন্য ইরানে বোমাবর্ষণ এবং হামলা স্থগিত রাখতে রাজি হয়েছি।'

এমনি একটি একজন অস্থির কমান্ডার ইন চিফের রাষ্ট্রে আমরা বাস করছি।

# ক্ষমতার ভেতরের সুইচবোর্ড কার হাতে? রাষ্ট্র চালায় কারা

নিয়াজ মাহমুদ



বাংলাদেশে একটি পুরনো সত্য বারবার নতুন করে ফিরে আসে। সরকার বদলায়, ক্ষমতার মুখ বদলায়, ভাষণ বদলায়, প্রতিশ্রুতি বদলায়-কিন্তু রাষ্ট্রের ভেতরের চালিকাশক্তি খুব একটা বদলায় না। বাইরে দেখা যায় রাজনীতি, ভেতরে কাজ করে প্রশাসন। সামনে থাকে মন্ত্রী, পেছনে থাকে ফাইল। বক্তৃতায় থাকে গণতন্ত্র, বাস্তবে চলে দাপ্তরিক নিয়ন্ত্রণ। আর সেই কারণেই আজও বাংলাদেশে একটি প্রশ্ন অত্যন্ত প্রাসঙ্গিক-আসলে দেশ চালায় কে?

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান সোমবার যে কথাটি বলেছেন, সেটি নিছক একটি এনজিও-ধর্মী পর্যবেক্ষণ নয়; বরং বাংলাদেশের রাষ্ট্রচরিত্রের একটি নির্মম ও অস্বস্তিকর সারসংক্ষেপ। তাঁর ভাষায়, "আমলাতন্ত্র আগের মতোই মূল নির্ণায়ক বাংলাদেশে।" এই একটি বাক্যই বুঝিয়ে দেয়, আমাদের রাষ্ট্রযন্ত্রের কেন্দ্র কোথায়, আর গণতন্ত্রের সীমা কোথায় গিয়ে আটকে আছে।

ড. ইফতেখারুজ্জামান যে অভিযোগ তুলেছেন, তা সরাসরি রাষ্ট্রীয় সংস্কার প্রক্রিয়ার কেন্দ্রকে আঘাত করে। তিনি বলেছেন, কার্যকর মানবাধিকার কমিশন গঠন, গুম প্রতিরোধ এবং জবাবদিহিমূলক রাষ্ট্র কাঠামো তৈরির জন্য অন্তর্বর্তী সরকারের আনা অধ্যাদেশগুলো দ্রুত পাস না হওয়ার পেছনে রয়েছে 'রাজনৈতিক' ও 'আমলাতান্ত্রিক' বাধা।

এই কথার গুরুত্ব এখানে যে, তিনি সরকারকে সরাসরি সদিচ্ছাহীন বলেননি। বরং ইঙ্গিত করেছেন, সদিচ্ছা আছে-কিন্তু রাষ্ট্রের ভেতরে সেই সদিচ্ছাকে থামিয়ে দেয়ার শক্তিও আছে।

এটাই বাংলাদেশের সবচেয়ে বড় রাজনৈতিক ট্র্যাজেডি।

এই দেশে বহুবার দেখা গেছে- সরকার সংস্কারের ঘোষণা দেয়, বক্তৃতায় সাহসী ভাষা ব্যবহার করে, দলিলে প্রতিশ্রুতি রাখে; কিন্তু বাস্তবে গিয়ে দেখা যায়, সংস্কারের মূল জায়গাগুলোতে এসে হঠাৎ ব্রেক কষা হয়। কেন? কারণ রাষ্ট্রের ভেতরে একটি শক্তিশালী, সুসংগঠিত, স্থায়ী ও স্বার্থসংশ্লিষ্ট বলয় আছে, যারা ক্ষমতার পুনর্বন্টন চায় না। আমরা সাধারণত মনে করি, নির্বাচিত সরকারই সব সিদ্ধান্ত নেয়। বাস্তবে বাংলাদেশে সিদ্ধান্তের বড় অংশ নির্ধারিত হয় ফাইল, নোটশিট, প্রশাসনিক আপত্তি, দাপ্তরিক ব্যাখ্যা, মতামত, পর্যালোচনা, সংশোধনী-এই সবকিছুর ভেতর দিয়ে।

একটি সরকার জনগণের ভোটে আসে। কিন্তু রাষ্ট্রের দৈনন্দিন ক্ষমতা পরিচালিত হয় কারা কী লিখল, কোন ফাইল কোথায় আটকাল, কোন ধারা "আরও একটু ভেবে দেখা দরকার" বলা হলো-এসবের মাধ্যমে অর্থাৎ, ভোটে সরকার আসে, কিন্তু ফাইলে ক্ষমতা আটকে যায়।

বাংলাদেশের রাজনৈতিক বাস্তবতায় এই জায়গাটিই সবচেয়ে ভয়ংকর। কারণ এখানে অনেক সময় জনপ্রতিনিধিরা দৃশ্যমান ক্ষমতার মালিক, কিন্তু আমলাতন্ত্র বাস্তব ক্ষমতার ব্যবহারকারী। মন্ত্রী নীতির কথা বলেন, কিন্তু সেই নীতির ভাষা কে লিখছে? সংসদ আইন পাস করে, কিন্তু সেই আইনের ভেতরে কোন শব্দ ঢুকবে, কোন ক্ষমতা বাদ যাবে, কোন সংস্থা কতটা স্বাধীন থাকবে-এসব ঠিক করে কে? এই প্রশ্নের উত্তরটাই আজকের বাংলাদেশকে বোঝার চাবিকাঠি।

> যদি বাধা থাকে, তবে সেটি অতিক্রম করাই তো রাজনৈতিক নেতৃত্বের পরীক্ষা। আজকের সবচেয়ে জরুরি প্রশ্নটি এখানেই। আমরা কি এমন একটি রাষ্ট্র চাই, যেখানে মন্ত্রীরা আছেন কিন্তু সিদ্ধান্ত অন্যরা নেয়? আমরা কি এমন একটি সংসদ চাই, যেখানে আইন পাস হয় কিন্তু ক্ষমতার কাঠামো অপরিবর্তিত থাকে? আমরা কি এমন একটি গণতন্ত্র চাই, যেখানে জনগণ ভোট দেয়, কিন্তু রাষ্ট্রের গভীর সিদ্ধান্তে তাদের প্রভাব থাকে না?

জাতীয় সংসদের বিশেষ কমিটি ইতিমধ্যে অন্তর্বর্তী সরকারের জারি করা ১৩৩টি অধ্যাদেশের মধ্যে ৯৮টি হুবহু আইনে পরিণত করার সুপারিশ করেছে। নিঃসন্দেহে এটি একটি ইতিবাচক দিক। অন্তত অধ্যাদেশগুলোকে বাতাসে ঝুলিয়ে না রেখে আইনগত কাঠামোয় আনার চেষ্টা হয়েছে। কিন্তু এখানেই মূল প্রশ্নটি আসে। কোন ৯৮টি? আর কোনগুলো আটকে গেল?

দেখা যাচ্ছে, যেসব অধ্যাদেশ রাষ্ট্রের ক্ষমতাকে জবাবদিহির আওতায় আনতে পারত-যেমন মানবাধিকার, গুম প্রতিরোধ, পুলিশ সংস্কার, তথ্য ও নজরদারি, কমিশনের স্বাধীনতা-সেগুলো নিয়েই সবচেয়ে বেশি আপত্তি, টানাপড়েন, সংশোধন, স্থগিতাদেশ, বাতিল বা পুনর্বিবেচনার আলোচনা। এটা কি কাকতালীয়? একেবারেই না।

বরং এটিই প্রমাণ করে, রাষ্ট্রের যে অংশগুলো জবাবদিহির বাইরে থাকতে চায়, তারা এখনো শক্তিশালী।

বাংলাদেশে ক্ষমতার যে পুরনো কাঠামো এরপর ২৯ পৃষ্ঠায়

# সুইস ব্যাংকে লুকানো সম্পদ: কার টাকা, কার দায়?

সহিদুল ইসলাম স্বপন

বিদেশে পাচার হওয়া অর্থ বিশেষ করে সুইস ব্যাংকে গচ্ছিত অবৈধ সম্পদ বাংলাদেশের অর্থনীতির জন্য দীর্ঘদিনের এক নীরব রক্তক্ষরণ। উন্নয়নের নানা সূচকে অগ্রগতির গল্প শোনা গেলেও এই বাস্তবতা অস্বীকার করার উপায় নেই যে, দেশের একটি বড় অংকের সম্পদ গোপনে বিদেশে সরে যাচ্ছে। প্রশ্নটি তাই কেবল অর্থের নয় এটি রাষ্ট্রের নৈতিক ভিত্তি, সুশাসন ও প্রাতিষ্ঠানিক সক্ষমতার একটি কঠিন পরীক্ষা।

একদিকে আমরা উন্নয়নের মহাসড়কে এগিয়ে যাওয়ার কথা বলি, অন্যদিকে হাজার হাজার কোটি টাকা অবৈধ পথে বিদেশে পাচার হয় এই বৈপরীত্য রাষ্ট্রব্যবস্থার গভীরে লুকিয়ে থাকা দুর্বলতা, জবাবদিহিতার ঘাটতি এবং আইনের অসম প্রয়োগেরই প্রতিফলন। ফলে বিষয়টি এখন আর বিচ্ছিন্ন কোনো অর্থনৈতিক সমস্যা নয়; এটি জাতীয় স্বার্থের প্রশ্নে পরিণত হয়েছে।

সুইস ব্যাংক দীর্ঘদিন ধরে গোপনীয়তার প্রতীক হিসেবে পরিচিত। যদিও সাম্প্রতিক বছরগুলোতে আন্তর্জাতিক চাপের মুখে তাদের ব্যাংকিং নীতিতে কিছু পরিবর্তন এসেছে এবং তথ্য আদান-প্রদানের কাঠামো কিছুটা উন্মুক্ত হয়েছে, তবুও পাচার হওয়া অর্থের প্রকৃত মালিক শনাক্ত করা এখনো অত্যন্ত জটিল। এই বাস্তবতায় প্রশ্ন জাগে বাংলাদেশ কি আদৌ এই অর্থ ফেরত আনতে পারবে?

বিশ্বের অভিজ্ঞতা আশাবাদ জাগায় পারবে, তবে শর্ত একটাই: ধারাবাহিক, সমন্বিত এবং রাজনৈতিকভাবে দৃঢ় উদ্যোগ।

নাইজেরিয়ার সাবেক শাসক সানি আবাচার পরিবারের পাচার করা অর্থ পুনরুদ্ধারের ঘটনা এ ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ দৃষ্টান্ত। সুইজারল্যান্ডসহ বিভিন্ন দেশ থেকে ধাপে ধাপে সেই অর্থ ফেরত আনা হয়েছে দীর্ঘ আইনি লড়াই, আন্তর্জাতিক সহযোগিতা এবং সরকারের সুস্পষ্ট রাজনৈতিক প্রতিশ্রুতির মাধ্যমে। একইভাবে ফিলিপাইনে ফের্দিনান্দ মার্কোস পরিবারের অবৈধ সম্পদের একটি বড় অংশ বিদেশ থেকে উদ্ধার করা সম্ভব হয়েছে। ইন্দোনেশিয়াও তাদের দুর্নীতিবিরোধী কমিশনের শক্তিশালী ভূমিকার মাধ্যমে অর্থ পাচার রোধ ও পুনরুদ্ধারে কিছুটা অগ্রগতি অর্জন করেছে।



এই উদাহরণগুলো স্পষ্ট করে দেয় কেবল বক্তব্য, প্রতিবেদন বা ক্ষণিকের উদ্যোগে নয়; প্রাতিষ্ঠানিক শক্তি, আইনি কাঠামো এবং রাজনৈতিক সদিচ্ছার সমন্বয়েই এই লড়াই সফল হয়।

বাংলাদেশের জন্য প্রথম শর্ত অটল রাজনৈতিক সদিচ্ছা। দুর্নীতির বিরুদ্ধে ঘোষিত অবস্থান বাস্তবে কার্যকর না হলে, বিদেশে পাচার হওয়া অর্থ ফেরত আনার উদ্যোগ কখনোই ফলপ্রসূ হবে না। ক্ষমতার প্রভাব বিবেচনা না করে সম্পদের উৎস অনুসন্ধান এবং অপরাধীদের বিচারের আওতায় আনা এটাই হতে হবে প্রথম পদক্ষেপ।

দ্বিতীয়ত, আন্তর্জাতিক সহযোগিতা জোরদার করা অপরিহার্য। তথ্য বিনিময়ের বৈশ্বিক ব্যবস্থাগুলো যেমন অটোমেটিক এক্সচেঞ্জ অব ইনফরমেশন কার্যকরভাবে কাজে লাগাতে হবে। সুইজারল্যান্ডসহ অন্যান্য আর্থিক কেন্দ্রগুলোর সঙ্গে দ্বিপাক্ষিক চুক্তি জোরদার করা এবং মানি লন্ডারিং প্রতিরোধে আন্তর্জাতিক সংস্থাগুলোর সঙ্গে ঘনিষ্ঠ সমন্বয় গড়ে তোলা জরুরি।

এই প্রেক্ষাপটে বাংলাদেশের উচিত সুইজারল্যান্ডের সঙ্গে সরাসরি ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে সমন্বিত উদ্যোগ নেওয়া।এক্ষেত্রে বাংলাদেশ দূতাবাসের দক্ষতা বাড়ানোর পাশাপাশি দায়িত্ব পালনে আরো সক্রিয় ভূমিকা পালন করা প্রয়োজন। কেবল তথ্য চাওয়া নয়, বরং নির্দিষ্ট কেসভিত্তিক তদন্তে যৌথ টাস্কফোর্স গঠন, পারস্পরিক আইনি সহায়তা চুক্তি (Mutual Legal Assistance) আরও কার্যকর করা এবং সন্দেহভাজন হিসাবসমূহ দ্রুত শনাক্ত ও অস্থায়ীভাবে স্থগিত করার ব্যবস্থা গ্রহণ করা জরুরি। পাশাপাশি সম্পদের প্রকৃত মালিকানা শনাক্তে আর্থিক গোয়েন্দা তথ্য বিনিময় জোরদার করা এবং আন্তর্জাতিক মানদণ্ড অনুযায়ী প্রমাণ উপস্থাপনের সক্ষমতা বাড়াতে হবে। কূটনৈতিক তৎপরতা, আইনি প্রস্তুতি এবং প্রযুক্তিগত দক্ষতার সমন্বয়েই এই যৌথ উদ্যোগ কার্যকর হতে পারে।

তৃতীয়ত, দেশের অভ্যন্তরে প্রাতিষ্ঠানিক সক্ষমতা বাড়াতে হবে। দুর্নীতি দমন কমিশন, বাংলাদেশ ব্যাংক ও আর্থিক গোয়েন্দা ইউনিটের মধ্যে কার্যকর সমন্বয় না থাকলে এই লড়াই এগোবে না। তথ্য সংগ্রহের পাশাপাশি সেই তথ্যকে আইনি প্রমাণে রূপান্তরের দক্ষতা বাড়ানো জরুরি। কারণ, শক্ত প্রমাণ ছাড়া বড় মামলাগুলো টিকিয়ে রাখা সম্ভব হয় না এটি আমাদের বাস্তবতার এক বড় সীমাবদ্ধতা।

চতুর্থত, আইনি কাঠামো আধুনিক ও কার্যকর করতে হবে। পাচার হওয়া সম্পদ পুনরুদ্ধারের জন্য বিশেষ আইন, দ্রুত বিচার প্রক্রিয়া এবং প্রয়োজনে বিশেষ ট্রাইব্যুনাল গঠন এসব বিষয় গুরুত্বের সঙ্গে বিবেচনা করা উচিত। দীর্ঘসূত্রিতা ও আইনি জটিলতা অনেক সময় এই প্রক্রিয়াকে ব্যাহত করে, যা শেষ পর্যন্ত অপরাধীদেরই সুবিধা দেয়।

পঞ্চমত, জনসচেতনতা ও সামাজিক প্রতিরোধ গড়ে তোলা জরুরি। গণমাধ্যম, বিশেষ করে অনুসন্ধানী সাংবাদিকতা, এই ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। সমাজে যদি এই ধারণা প্রতিষ্ঠিত হয় যে এরপর ২৯ পৃষ্ঠায়

> যারা এই সম্পদ লুট করে বিদেশে পাচার করেছে, তাদের জবাবদিহিতার আওতায় আনা এবং সেই অর্থ জনগণের কল্যাণে ব্যবহার করা এটাই হওয়া উচিত রাষ্ট্রের স্পষ্ট অঙ্গীকার। বাংলাদেশ আজ উন্নয়নের এক গুরুত্বপূর্ণ সন্ধিক্ষণে দাঁড়িয়ে। এই মুহূর্তে অর্থ পাচারের মতো সমস্যাকে উপেক্ষা করা মানে ভবিষ্যতের ভিত দুর্বল করে দেওয়া। তাই এখনই সময় কথার বাইরে গিয়ে কার্যকর উদ্যোগ নেওয়ার। কারণ, দেশের প্রতিটি টাকাই দেশের মানুষের অধিকার, এবং সেই অধিকার ফিরিয়ে আনা রাষ্ট্রেরই দায়িত্ব

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights,
NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# আওয়ামী লীগ সেই ফিনিক্স পাখি, ছাই থেকেও পুনর্জন্ম নেয়

সাজ্জাদ হোসেন সবুজ

ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকারের সময়ে বাংলাদেশের সবচেয়ে প্রাচীন ও বৃহত্তম রাজনৈতিক দল আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ করে যে বিতর্কিত অধ্যাদেশ জারি করা হয়েছিল সেটিকে আইনে পরিণত করলো বিএনপি সরকার। আইন অনুযায়ী আওয়ামী লীগের যেকোনো কার্যক্রম শুধু নিষিদ্ধই নয়, বরং দলটির সব নেতাকর্মীদেরও বিচারের আওতায় আনা যাবে।

বাংলাদেশ আওয়ামী লীগ এই উদ্যোগের তীব্র প্রতিবাদ ও নিন্দা জানিয়েছে। অন্যদিকে রাজনৈতিক বিশ্লেষকরা এ ব্যাপারে গভীর উদ্বেগ প্রকাশ করে বিষয়টি পুনর্বিবেচনার দাবি জানিয়েছেন।

অন্তর্বর্তী সরকারের সময়ে ২০২৫ সালের ১২ই মে স্বরাষ্ট্র মন্ত্রণালয় প্রজ্ঞাপন জারি করে আওয়ামী লীগ এবং এর অঙ্গ, সহযোগী ও ভ্রাতৃপ্রতিম সব সংগঠনের কার্যক্রম নিষিদ্ধ ঘোষণা করেছিল।

এ বিষয়ে তখন জারি করা প্রজ্ঞাপনের শেষাংশে তখন বলা হয়েছিল, '... সরকার যুক্তিসংগতভাবে মনে করে সন্ত্রাস বিরোধী (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ধারা-১৮(১) এ প্রদত্ত ক্ষমতাবলে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে বাংলাদেশ আওয়ামী লীগ এবং এর সকল অঙ্গসংগঠন, সহযোগী সংগঠন ও ভ্রাতৃপ্রতিম সংগঠনের নেতাকর্মীদের বিরুদ্ধে বিচারকার্য সম্পন্ন না হওয়া পর্যন্ত দলটি এবং এর সকল অঙ্গসংগঠন, সহযোগী সংগঠন ও ভ্রাতৃপ্রতিম সংগঠনের যাবতীয় কার্যক্রম নিষিদ্ধ ঘোষণা করা সমীচীন;

বরেণ্য অর্থনীতিবিদ প্রফেসর রেহমান সোবহান বলছেন, দেশের দ্বিদলীয় রাজনীতির দুটি স্তম্ভের একটি আওয়ামী লীগ। প্রায় আট দশকের ইতিহাস ধারণ করা রাজনৈতিক শক্তি আওয়ামী লীগ এবং তাদের উল্লেখযোগ্য ভোটব্যাংক রয়েছে। নিষিদ্ধ করলেই রাজনীতি থেকে আওয়ামী শক্তি হঠাৎ করে বিলীন হয়ে যাবে-এমনটি ভাবার সুযোগ নেই। বিষয়টির সুরাহা সরকারকেই করতে হবে। আর সেটি করতে ব্যর্থ হলে আমাদের 'সংস্কারকৃত' রাজনৈতিক ব্যবস্থার কার্যকারিতা অনিশ্চিত ভবিষ্যতের দিকে এগিয়ে যাবে।

ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বের সাবেক সরকারের আমলে আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধের পেছনে মুক্তিযুদ্ধ বিরোধী গোষ্ঠীর চাপ ছিলো ইঙ্গিত করে রেহমান সোবহান বলেন, মুক্তিযুদ্ধবিরোধী শক্তি, যারা দেশের রাজনীতিতে দীর্ঘদিন ধরেই উপস্থিত রয়েছে, তারা ২০২৪ সালের ৫ আগস্টের অভ্যুত্থানে সুযোগ নিয়েছে, এর ভেতরে ঢুকে পড়েছে এবং অভ্যুত্থানের গতিমুখ নির্ধারণের ক্ষেত্রেও তারা গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। এর একটি অংশের মধ্যে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তাঁর দল আওয়ামী লীগের প্রতি প্রবল বিরূপ মনোভাব বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধের প্রতি বিরূপ মনোভাবে রূপান্তরিত হয়েছিল।

প্রফেসর রেহমান সোবহান মনে করেন, শেখ হাসিনার কঠোর অবস্থানের পেছনেও ঐতিহাসিক প্রেক্ষাপট রয়েছে। তিনি বলেন, '১৯৭৫ থেকে ১৯৯৬ সাল পর্যন্ত যেসব সরকার ক্ষমতায় ছিল, তারা রাষ্ট্রীয় পরিসর থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও আওয়ামী লীগের ভূমিকা প্রায় সম্পূর্ণভাবে মুছে ফেলেছিল। এই ইতিহাস মুছে দেওয়ার প্রবণতার প্রতিক্রিয়াতেই শেখ হাসিনার অবস্থান কঠোর হয়ে ওঠে।'



রাজনৈতিক বিশ্লেষক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক জোবাইদা নাসরীন তার প্রতিক্রিয়ায় বিবিসিকে বলেন রাজনৈতিক দল নিষিদ্ধ করা ঐতিহাসিকভাবেই কখনো কারও জন্য সুফল বয়ে আনেনি, বরং যারা করেছে তাদের ঐতিহাসিক দায় নিতে হয়েছে।

তিনি বলেন, 'এদেশে আওয়ামী লীগের অনেক ভোটার ও সমর্থক আছে। মানুষ দলটিকে গ্রহণ করবে কি-না সেটি যাচাই করার সুযোগ অন্তর্বর্তী সরকার নষ্ট করেছে। কোনো অর্থেই রাজনৈতিক দলের কার্যক্রম বন্ধ করা বা দল নিষিদ্ধ করা কাউকে সাময়িক তৃপ্তি কিংবা প্রতিহিংসা মেটানোর স্বাদ দিতে পারে কিন্তু চূড়ান্ত বিচারে দেশ ও রাজনৈতিক স্থিতিশীলতার জন্য এটি মোটেও ভালো পদক্ষেপ নয়"।

বিশ্লেষকরা বলছেন, আইন করে একটি দলকে নিষিদ্ধ করার পরিবর্তে অপরাধ থাকলে আদালতে বিচার কিংবা ভোটের মাধ্যমে জনগণকে দলটিকে প্রত্যাখ্যান করার সুযোগ দিলে এ নিয়ে প্রতিহিংসার অভিযোগ ওঠার সুযোগ থাকতো না।

বাংলাদেশ সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী নিজাম উদ্দিন বলেছেন, আওয়ামী লীগ একটি প্রাচীন রাজনৈতিক দল, সে মুক্তিযুদ্ধের নেতৃত্ব দিয়েছে। এখানে আমি মনে করব পার্লামেন্টে অনেক সুধী ও বিজ্ঞজন আছেন, তাঁরা বিষয়টি দেখবেন। বিশেষ করে আইনমন্ত্রীকে আমি যতটুকু জানি তিনি অনেক পড়াশোনা জানা মানুষ, তিনি বিষয়টি ভেবে দেখবেন।

তিনি বলেন,"আওয়ামী লীগকে সংসদে নিষিদ্ধ করায়, আমি মনে করব এটি ২১শে আগস্ট, ১৫ই আগস্ট বাংলাদেশের রাজনীতিতে যে ক্ষত সৃষ্টি করেছিল, এটি আরেকটি ক্ষত সৃষ্টি করবে।"

নিজাম উদ্দিন বলেন যারা অতীতে নিষিদ্ধ হয়েছিল তারা এই ভয় থেকে আওয়ামী লীগকে নিষিদ্ধ করতে চায়। কারণ তাদের একটা আশঙ্কা আছে এরপর ২৯ পৃষ্ঠায়



> আওয়ামী লীগ হচ্ছে কিংবদন্তি রাজনীতিবিদ হুসেন শহীদ সোহরাওয়ার্দী, মাওলানা ভাসানি, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, শামসুল হক, তাজউদ্দীন আহমেদের মতো নেতাদের হাতে গড়া দল এবং এই দলের শিকড় দেশের প্রতিটি গ্রাম ও মহল্লায় বিস্তৃত রয়েছে। যেই দলটি দেশের মোট জনসংখ্যার প্রায় ৫০ ভাগ প্রতিনিধিত্ব করে এবং যে দলে রয়েছে কোটি কোটি ত্যাগী নেতা-কর্মী সেই দলকে কোন আইন দিয়ে নিষিদ্ধ করা যায় না এবং সম্ভবও নয়। আওয়ামী লীগ হচ্ছে সেই ফিনিক্স পাখি, যার ছাই থেকেও পুনর্জন্ম নেয়ার ইতিহাস রয়েছে। তাই রাজনৈতিক বিশ্লেষকরা মনে করেন স্বাধীনতাবিরোধী অপশক্তির প্ররোচনায় পড়ে বিএনপি সরকার আইনের মাধ্যমে আওয়ামী লীগকে নিষিদ্ধ করার যে আত্মঘাতী সিদ্ধান্ত নিয়েছে তা বিএনপির জন্য একদিন বুমেরাং হয়ে দাঁড়াতে পারে

# যুক্তরাষ্ট্রের সঙ্গে সম্পর্ক কেমন হওয়া উচিত

আবু তাহের খান

যুক্তরাষ্ট্রের সঙ্গে বাংলাদেশের বহুবিতর্কিত পারস্পরিক বাণিজ্য চুক্তি (অ্যাগ্রিমেন্ট অন রেসিপ্রোক্যাল ট্রেড-এআরটি) গত ৯ ফেব্রুয়ারি সই হলেও এর প্রক্রিয়া শুরু হয়েছিল প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প কর্তৃক গত বছরের ২ এপ্রিল বাংলাদেশসহ বিশ্বের বিভিন্ন দেশের ওপর বর্ধিত হারে শুল্ক আরোপের পর থেকেই। বস্তুত ওই বর্ধিত শুল্ক আরোপের বিষয়টিই হচ্ছে এ চুক্তির পটভূমি এবং সেই থেকে প্রায় এক বছর ধরে এ নিয়ে দেশব্যাপী ব্যাপক বিতর্ক চলছে। আর এত দীর্ঘ সময় ধরে এ নিয়ে আলোচনা চলমান থাকার পরিপ্রেক্ষিতে দেশের অধিকাংশ সাধারণ মানুষেরও এখন চুক্তিটির ভেতরকার অনেক খুঁটিনাটি সম্পর্কে কমবেশি জানা হয়ে গেছে। এবং সেই সুবাদে জনগণ যখন দেখতে পাচ্ছে যে গত ৫৫ বছরের মধ্যে বাংলাদেশের কোনো সরকার কর্তৃক এ ধরনের রাষ্ট্রস্বার্থবিরোধী চুক্তি আর একটিও সই হয়নি এবং ভবিষ্যৎ পরিণামের ভয়াবহতার বিবেচনায় এর ধারেকাছেও আর কোনো চুক্তি নেই, তখন দল-মতনির্বিশেষে এ চুক্তি নিয়ে মানুষের মধ্যে ক্ষোভ ও বিরক্তির পরিমাণ দিন দিনই বাড়ছে।



রাষ্ট্রের কোনো বাণিজ্যিক বা অর্থনৈতিক ইস্যুতে জনসাধারণের মধ্যে এ ধরনের ব্যাপকভিত্তিক বিরূপ প্রতিক্রিয়া বাংলাদেশে এর আগে আর কখনো দেখা গেছে বলে বয়সী নাগরিকেরাও স্মরণ করতে পারবেন বলে মনে হয় না। এ নাগরিক অসন্তুষ্টি ও ক্ষোভের সঙ্গে ২০২০ সালে ভারত সরকার কর্তৃক কৃষিপণ্য ক্রয়ের বিষয়ে বিভিন্ন বহুজাতিক কোম্পানিকে দেওয়া সুবিধার মিল খুঁজে পাওয়া যায়। বহুজাতিক কোম্পানিকে একচেটিয়া সুবিধাদানের জন্য নরেন্দ্র মোদির নেতৃত্বাধীন দ্বিতীয় মেয়াদের বিজেপি সরকার সে সময়ে লোকসভায় তিনটি বিল উত্থাপন করেছিল, যার সবকটিই ছিল চরমভাবে কৃষক স্বার্থবিরোধী। এর প্রতিবাদে করোনা মহামারির সেই দুর্যোগের মধ্যেও ২০২০ সালের নভেম্বরে পাঞ্জাবের কৃষকেরা কোনো প্রকার দলীয় সমর্থন ও সংশ্লিষ্টতা ছাড়াই রাস্তায় নেমে আসেন, যে বিক্ষোভ পরবর্তী সময়ে হরিয়ানাসহ ভারতের অন্যান্য রাজ্যেও ছড়িয়ে পড়ে। প্রায় বছরব্যাপী চলা ওই অরাজনৈতিক আন্দোলনের তীব্রতার মুখে ভারতের সুপ্রিম কোর্ট ২০২১ সালের জানুয়ারিতে স্বতঃপ্রণোদিত হয়ে ওই বিলসমূহ স্থগিত করে রুল জারি করেন এবং শেষ পর্যন্ত ২০২১ সালের ২৯ নভেম্বর লোকসভায় ওই বিলগুলো বাতিলের বিল পাস হয়। উল্লেখ্য, শুধু নিজেদের অর্থনৈতিক অস্তিত্ব টিকিয়ে রাখার লক্ষ্যেই বছরব্যাপী চলা ওই অরাজনৈতিক আন্দোলনে ৭৫০ জনের বেশি কৃষক নিহত হয়েছিলেন এবং আহত হয়েছিলেন কয়েক হাজার।



যুক্তরাষ্ট্রের সঙ্গে স্বাক্ষরিত বাণিজ্য চুক্তির সঙ্গে ভারতের কৃষক আন্দোলনের তুলনা টেনে এ বিষয়ে বাংলাদেশের নতুন সরকারকে বেকায়দায় ফেলার বিন্দুমাত্র ও দূরতম কোনো উদ্দেশ্যও এ লেখার মধ্যে নিহিত নেই। বরং নতুন সরকার যাতে গোড়া থেকেই পর্যাপ্ত সাবধানতার সঙ্গে পথ চলতে পারে, সে জন্য একজন দায়িত্বশীল নাগরিক হিসেবে প্রসঙ্গটি উত্থাপন করা হলো। আশা করব যে সরকার এটিকে ইতিবাচকভাবে গ্রহণ করে এ বিষয়ে পর্যাপ্ত সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণে এগিয়ে আসবে। আর এ সুবাদে শুধু এইটুকু স্মরণ রাখতে বলব যে অরাজনৈতিক অর্থনৈতিক ইস্যুও যে অনেক সময় বড় মাপের জন-অসন্তুষ্টির কারণ হতে পারে, ভারতের উল্লিখিত কৃষক আন্দোলন তার উৎকৃষ্ট প্রমাণ। বাংলাদেশের সরকারকে বিনীতভাবে বলি, যুক্তরাষ্ট্রের সঙ্গে স্বাক্ষরিত বাণিজ্য চুক্তি নিয়ে বাংলাদেশের মানুষ এখন সত্যি সত্যি প্রচণ্ডভাবে ক্ষুব্ধ ও অসন্তুষ্ট। প্রয়োজনে এ ব্যাপারে একটি জরিপ চালিয়ে প্রকৃত অবস্থা যাচাই করে নেওয়া যেতে পারে।


এখন প্রশ্ন হচ্ছে, নির্বাচনের আগে যে চুক্তিকে ক্ষমতাসীন বিএনপি সমর্থন দিয়েছে (গোপনে হলেও), এখন সে চুক্তি থেকে তারা বেরিয়ে যাবে কেমন করে? ধারণা করি, নির্বাচনের আগে ওই সমর্থন না দিলে ১২ ফেব্রুয়ারিতে হয়তো নির্বাচনই হতো না। এমতাবস্থায় নির্বাচন অনুষ্ঠানের বৃহত্তর স্বার্থে ওই চুক্তিকে সমর্থনদান ব্যতীত তাদের সামনে সেদিন হয়তো আর কোনো উপায়ই খোলা ছিল না। ফলে তারা বস্তুত কৌশলগত কারণে নির্বাচনের আগে ওই চুক্তিকে সমর্থন করেছিল, এ তথ্যটুকু তারা জনগণকে সরাসরি জানিয়ে দিলে জনগণও সেটি সহজভাবে গ্রহণ করবে বলেই মনে হয়। আশা করব যে, সরকার সেটি করবে এবং জনগণকে সঙ্গে নিয়ে যুক্তরাষ্ট্রের সঙ্গে স্বাক্ষরিত বাণিজ্য চুক্তি থেকে বেরিয়ে আসার ব্যাপারে পদ্ধতিমাফিক প্রয়োজনীয় সব উদ্যোগ গ্রহণ করবে। উল্লেখ্য, ওই চুক্তির ৬.৬ নম্বর অনুচ্ছেদের শর্ত অনুযায়ী চুক্তি স্বাক্ষরের ৬০ দিনের মধ্যে ভিন্ন কোনো মতামত উপস্থাপিত না হলে পরবর্তী দিন থেকেই তা কার্যকর হয়ে যাবে। হতাশার সঙ্গে বলতে হচ্ছে যে আজ এ চুক্তির ৬০তম দিন পেরিয়ে যাওয়ার পরিপ্রেক্ষিতে আগামীকাল থেকে এর পূর্ণাঙ্গ কার্যকারিতা শুরু হবে।

তবে এরূপ চরম হতাশার মধ্যেও আশার আলো টিকিয়ে রেখেছে চুক্তির ৬.৫ নম্বর অনুচ্ছেদ, যেখানে ৬০ দিনের লিখিত নোটিশ দিয়ে চুক্তি থেকে বেরিয়ে যাওয়ার সুযোগ রয়েছে, যেমনটি করেছে মালয়েশিয়া। যুক্তরাষ্ট্রের সঙ্গে গত বছরের ২৫ অক্টোবর স্বাক্ষরিত অনুরূপ বাণিজ্য চুক্তি থেকে মালয়েশিয়া গত ১৮ মার্চ এরপর ২৭ পৃষ্ঠায়

> বৃহত্তর জনগণ চায় এটি বাতিল হোক, চুক্তির শর্তে এটি বাতিলের সুযোগ রয়েছে এবং সংসদে রয়েছে সরকারের বিপুল সংখ্যাগরিষ্ঠতা। এমতাবস্থায় এই ত্রিমাত্রিক সহায়ক পরিবেশকে কাজে লাগিয়ে সরকার যত দ্রুত সম্ভব যুক্তরাষ্ট্রের সঙ্গে স্বাক্ষরিত দাসত্বমূলক বাণিজ্য চুক্তি থেকে বেরিয়ে আসবে, দেশ ও জনগণের জন্য ততই মঙ্গল। আর যুক্তরাষ্ট্রকে অত ভয় পাওয়ারও যে তেমন কোনো কারণ নেই, তার কিছু নমুনা তো ইরান ইতিমধ্যে বিশ্বের সামনে হাজির করেই দিয়েছে। আমরা যুক্তরাষ্ট্রের সঙ্গে অবশ্যই কোনো বৈরিতা চাই না, বরং নিজেদের বাণিজ্যিক স্বার্থ ও কৌশলী কূটনীতির স্বার্থে তাদের সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্কই আমাদের কাম্য। কিন্তু একই সঙ্গে যুক্তি ও ন্যায্যতার আলোকে নিজেদের সার্বভৌমত্বকেও আমরা ঊর্ধ্বে তুলে রাখতে চাই

# বোমা ফেলে কি ইরানিদের স্বাধীনতা আনা যাবে

ইয়ান বুরুমা



ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু হয়তো সত্যিই ভেবেছিলেন, ইসরায়েলের বোমাবর্ষণ ইরানের জনগণকে তাঁদের ধর্মতাত্ত্বিক শাসনের বিরুদ্ধে বিদ্রোহে উজ্জীবিত করবে এবং সেখানে একটি গণতান্ত্রিক রাষ্ট্র প্রতিষ্ঠার পথ খুলে দেবে। একসময় মনে হয়েছিল, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পও সেই ধারণায় বিশ্বাস করেন। তবে ট্রাম্পের হুটহাট করে মত বদল করা, বিশেষ করে ইরান যুদ্ধ নিয়ে আমেরিকার লক্ষ্য ঠিক না করা এবং সে প্রশ্নে তার ঘন ঘন অবস্থান বদল সেই ধারণাকে দুর্বল করে দিয়েছে।

বেসামরিক মানুষের ওপর বোমা ফেলে 'শাসন পরিবর্তন' ঘটানোর ধারণা নতুন নয়। এটি এক শতাব্দীর বেশি পুরোনো ধারণা। দুই বিশ্বযুদ্ধের মাঝামাঝি সময়ে ব্রিটিশ, আমেরিকান ও ইতালীয় সামরিক কৌশলবিদেরা যুক্তি দিয়েছিলেন, দীর্ঘমেয়াদি বোমাবর্ষণ সাধারণ মানুষকে এতটাই মনোবলহীন করে তুলবে যে তারা নিজেদের শাসকদের বিরুদ্ধেই ক্ষোভে ফেটে পড়বে।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় এই কৌশল প্রয়োগ করা হয়েছিল। জার্মানি ও জাপানের শহরগুলো কার্যত ধ্বংসস্তূপে পরিণত হয়। সে সময় লাখ লাখ বেসামরিক মানুষ প্রাণ হারান। এরপর কয়েক দশক পর ভিয়েতনাম, লাওস ও কম্বোডিয়ায় যুক্তরাষ্ট্র আরও তিন গুণ বেশি বোমা ফেলে। কিন্তু এর সব কটি ক্ষেত্রেই একটি বিষয় স্পষ্ট, তা হলো মনোবল ভেঙে পড়া জনগণ নিজেদের শাসকদের বিরুদ্ধে দাঁড়ায়নি।

বরং উল্টোটা ঘটেছে। আকাশ ফুঁড়ে ধেয়ে আসা সন্ত্রাসের মুখে পড়া সাধারণ মানুষ বিস্ময়কর সহনশীলতা দেখিয়েছে। তারা ভয়াবহ পরিস্থিতির সঙ্গে মানিয়ে নিয়েছে, একত্র হয়েছে এবং এক সাধারণ শত্রুর বিরুদ্ধে দাঁড়িয়েছে। লন্ডনে 'ব্লিৎজ' (১৯৪০-১৯৪১ সালে নাৎসি জার্মানি লন্ডনসহ ব্রিটেনের বিভিন্ন শহরে লাগাতার হামলা চালায়। ওই হামলাকে ব্লিৎজ বলে)-এর সময় মানুষ গর্ব করে বলত, 'লন্ডন সব সহ্য করতে পারে।'

১৯৪০ সালের শরতে লন্ডনে নতুন জ্যাকেট কিনতে গিয়ে আমার দাদি হঠাৎ এক প্রবল বিমান হামলার মধ্যে পড়েন। দোকানের কর্মী শান্তভাবে তাঁকে আশ্রয়কেন্দ্রে নিয়ে যান; আর সেই সময়ও তাঁরা বিভিন্ন ধরনের টুইড কাপড়ের গুণাগুণ নিয়ে আলোচনা চালিয়ে যাচ্ছিলেন।

বার্লিনের মানুষও আলাদা ছিল না, হ্যানয়ের মানুষও নয়। আজকের তেহরানের মানুষও একই দৃঢ়তা দেখাচ্ছে। ফিন্যান্শিয়াল টাইমস-এর তেহরান প্রতিনিধি নাজমেহ বোজর্গমেহর লিখেছেন, দিনরাত বোমা পড়ছে, যেকোনো মুহূর্তে মৃত্যু আসতে পারে-এ অবস্থার মধ্যেও তেহরানের মানুষের 'জীবন নিজের গতিতেই চলতে চায়'। তাদের কাছে পরদিন দুপুরে কী খাওয়া হবে, সেটিই আসল ভাবনা।

১৯৪৪ সালে যখন দিনে আমেরিকার বোমা ও রাতে ব্রিটিশ বোমায় বার্লিন বিধ্বস্ত হচ্ছিল, তখনো সিনেমা হলগুলো ভর্তি থাকত। কনসার্টের টিকিট পাওয়া কঠিন ছিল। বার্লিন ফিলহারমোনিক ভাঙাচোরা ছাদের নিচে অস্থায়ী মঞ্চে অনুষ্ঠান করত। সেখানে শিল্পী ও দর্শক-সবাই শীতের কোট জড়িয়ে বসে থাকতেন।

এ ধরনের ধৈর্য কোনো বিশেষ মতাদর্শ বা শাসকের প্রতি আনুগত্য থেকে আসে না। যুদ্ধের শেষ দিকে অধিকাংশ বার্লিনবাসী নাৎসিদের ওপর বিরক্ত হয়ে উঠেছিল। আজকের ইরানেও অধিকাংশ মানুষ উগ্র ইসলামপন্থী শাসনের বিরোধী।

ইরানে বহু মানুষ ইসলামি এরপর ২৮ পৃষ্ঠায়



> ১৯৪৪ সালে যখন দিনে আমেরিকার বোমা ও রাতে ব্রিটিশ বোমায় বার্লিন বিধ্বস্ত হচ্ছিল, তখনো সিনেমা হলগুলো ভর্তি থাকত। কনসার্টের টিকিট পাওয়া কঠিন ছিল। বার্লিন ফিলহারমোনিক ভাঙাচোরা ছাদের নিচে অস্থায়ী মঞ্চে অনুষ্ঠান করত। সেখানে শিল্পী ও দর্শক-সবাই শীতের কোট জড়িয়ে বসে থাকতেন। এ ধরনের ধৈর্য কোনো বিশেষ মতাদর্শ বা শাসকের প্রতি আনুগত্য থেকে আসে না। যুদ্ধের শেষ দিকে অধিকাংশ বার্লিনবাসী নাৎসিদের ওপর বিরক্ত হয়ে উঠেছিল। আজকের ইরানেও অধিকাংশ মানুষ উগ্র ইসলামপন্থী শাসনের বিরোধী। ইরানে বহু মানুষ ইসলামি প্রজাতন্ত্রের বিরুদ্ধে আন্দোলনে প্রাণ দিয়েছেন। কিন্তু সেই প্রতিবাদ কখনো ক্ষেপণাস্ত্রের বৃষ্টির মধ্যে হয়নি। এমন পরিস্থিতিতে টিকে থাকাটাই সবচেয়ে বড় লড়াই। তারা জানে, ভাঙাচোরা রাস্তায় নেমে সশস্ত্র রেভোল্যুশনারি গার্ড বাহিনীর মুখোমুখি হওয়া মানে প্রায় আত্মহত্যা

> যখন মানুষের সব শক্তি ব্যয় হয় শুধু পরের দিনটুকু বাঁচার জন্য, তখন বিদ্রোহের জন্য আর শক্তি অবশিষ্ট থাকে না। মার্কিন-ইসরায়েলি সামরিক হস্তক্ষেপ ইরানের ধর্মতন্ত্রকে গণতন্ত্রে রূপান্তর করতে সাহায্য করবে-এই সম্ভাবনা প্রায় শূন্য। একসময় আমেরিকার উদার মূল্যবোধ (যা তার 'সফট পাওয়ার'-এর মূল উৎস) নিপীড়িত মানুষের কাছে আশার আলো জুগিয়েছিল। কিন্তু দুর্ভাগ্যজনকভাবে আজকের প্রশাসন ঠিক তার উল্টো পথে হাঁটছে



# এটর্নী মঈন চৌধুরী LAW OFFICES

## Toll Free: 1-866-MOIN-LAW
## Cell: 917-282-9256
**(To schedule appointment only)**


Michael Taub, Esq.


Moin Choudhury, Esq.

**এক্সিডেন্ট কেইসেস-মেডিক্যাল ম্যালপ্রেক্টিস**
**বিনামূল্যে পরামর্শ**
প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন


- গাড়ী এক্সিডেন্ট
- কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
- বিল্ডিং এ দূর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- ট্রিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- বিকলাঙ্গ শিশুর জন্ম
- লেড পয়জনিং
- কাজের জায়গায় দূর্ঘটনা

**IMMIGRATION**
(Consultation fee applies)





**ক্লায়েন্টেদের জন্য আমরা মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি**


Attorney
Michigan Only.


Attorney
Michigan Only.


Attorney
New Jersey Only


Attorney, Buffalo
New York Only


Attorney
Connecticut Only


Attorney
Pennsylvania Only

**WWW.MOINLAW.COM**

Prior result does not guarantee future outcome of any cases. Moin Choudhury is admitted in Michigan State only and also admitted in the Supreme Court of the United States.
Michael Taub is admitted in New York State Only and also admitted in the NY Federal District Courts.

# বিশ্বরাজনীতির উত্তাপ ও বাংলাদেশের কৃষি

শাইখ সিরাজ



পৃথিবীর এক প্রান্তে সংঘাতের উত্তাপ অন্য প্রান্তে কৃষকের মাঠে ফাটল ধরায়, তার জীবিকার নিশ্চয়তাকে প্রশ্নের মুখে ঠেলে দেয়। যেমন হাজার মাইল দূরের ভূরাজনৈতিক সংঘাত সরাসরি বাংলাদেশের কৃষি, কৃষক এবং খাদ্যনিরাপত্তাকে প্রভাবিত করছে। যুক্তরাষ্ট্র, ইসরায়েল ও ইরানকে ঘিরে মধ্যপ্রাচ্যের চলমান উত্তেজনা বিশ্ববাণিজ্যের অন্যতম গুরুত্বপূর্ণ রুট হরমুজ প্রণালিকে অনিশ্চয়তার মুখে ফেলেছে। এই প্রণালি দিয়ে বৈশ্বিক জ্বালানি তেলের প্রায় এক-পঞ্চমাংশ এবং উল্লেখযোগ্য পরিমাণ সার পরিবাহিত হয়। সংঘাতের ফলে এই পথ কার্যত ঝুঁকিপূর্ণ হয়ে ওঠায় বিশ্ব সরবরাহ ব্যবস্থায় বড় ধরনের বিঘ্ন সৃষ্টি হয়েছে।

মধ্যপ্রাচ্যের অস্থিরতার পর বিশ্ববাজারে ইউরিয়া সারের দাম প্রায় ২৫ শতাংশ পর্যন্ত বেড়েছে। কয়েক মাস আগেও প্রতি টন ৪৯০ ডলারের মধ্যে ছিল, তা এখন ৬২৫ থেকে ৭০০ ডলারের ওপরে। ডিএপি সারের দামও টনপ্রতি ৮০০ ডলারের কাছাকাছি। পরিবহন ব্যয় বৃদ্ধি, জাহাজের বিমা খরচ বৃদ্ধি এবং সরবরাহে অনিশ্চয়তা-সব মিলিয়ে বৈশ্বিক কৃষি খাতে এক অস্বস্তিকর পরিস্থিতি তৈরি হয়েছে। এই সংকটের সবচেয়ে বড় ধাক্কা লেগেছে বাংলাদেশসহ আমদানিনির্ভর দেশগুলোতে।

জ্বালানি মন্ত্রণালয়ের সর্বশেষ তথ্য অনুযায়ী, দেশে ডিজেলের বার্ষিক চাহিদা প্রায় ৪৫ লাখ টন। এর একটি বিশাল অংশ ব্যবহৃত হয় কৃষি খাতে। বর্তমানে দেশে ডিজেলের মজুত আছে মাত্র ১ লাখ ২২ হাজার ৬৬০ টন। দেশের সার্বিক দৈনিক চাহিদা প্রায় ১৩ হাজার টন বিবেচনায় নিলে এই মজুত দিয়ে বড়জোর আর মাত্র ১০ দিন চলা সম্ভব। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের হিসাব বলছে, ডিসেম্বর থেকে মে মাস পর্যন্ত চলমান কৃষি সেচ মৌসুমে সেচ ও অন্যান্য কৃষিযন্ত্র পরিচালনার জন্য ডিজেলের সম্ভাব্য চাহিদা প্রায় সাড়ে ১২ লাখ টন। বাংলাদেশ কৃষি উন্নয়ন করপোরেশনের (বিএডিসি) মতে, শুধু সেচযন্ত্রগুলো সচল রাখতেই এই সময়ে দরকার প্রায় ৭ লাখ ৬০ হাজার টন ডিজেল। এই বিপুল পরিমাণ চাহিদার বিপরীতে মজুতের এই করুণ চিত্র কৃষকের মনে আতঙ্ক তৈরি করেছে।



সরকার-নির্ধারিত দাম লিটারপ্রতি ১০০ টাকা হলেও বাস্তবে কৃষককে অনেক ক্ষেত্রে ১২০ থেকে ১৩০ টাকা পর্যন্ত দিতে হচ্ছে। সরবরাহ ঘাটতির সুযোগ নিয়ে কিছু অসাধু ব্যবসায়ী কৃত্রিম সংকট তৈরি করছে, যা কৃষকের ওপর বাড়তি চাপ সৃষ্টি করছে। ফলে উৎপাদন ব্যয় বেড়ে যাচ্ছে, যা শেষ পর্যন্ত খাদ্যপণ্যের বাজারমূল্য বৃদ্ধির কারণ হয়ে দাঁড়ায়।

বাংলাদেশ মূলত সার আমদানির জন্য মধ্যপ্রাচ্যের দেশ, বিশেষ করে সৌদি আরব ও কাতারের ওপর ব্যাপকভাবে নির্ভরশীল। কিন্তু হরমুজ প্রণালির রুট প্রায় বন্ধ থাকায় এপ্রিলে সৌদি আরব থেকে ডিএপি সারের চালান আসা নিয়ে ঘোর অনিশ্চয়তা তৈরি হয়েছে। অন্যদিকে বৈশ্বিক জ্বালানি সংকটের কারণে আমাদের দেশীয় সার কারখানাগুলোও ধুঁকছে। তরলীকৃত প্রাকৃতিক গ্যাস বা এলএনজির অভাবে রাষ্ট্রায়ত্ত পাঁচটি সার কারখানার মধ্যে চারটিই বন্ধ রাখতে বাধ্য হয়েছে সরকার। গ্যাস সরবরাহ না থাকায় এসব কারখানায় উৎপাদন পুরোপুরি স্থবির।

তবে এই চরম হতাশার মধ্যেও কৃষি মন্ত্রণালয় ও বিএডিসির দেওয়া তথ্য কিছুটা আশার আলো দেখাচ্ছে। তাদের মতে, সাময়িকভাবে ভয়ের কিছু নেই। বর্তমানে দেশে ইউরিয়া সারের মজুত আছে প্রায় ৩ লাখ ৫৮ হাজার টন, টিএসপি মজুত আছে ৩ লাখ ৬৬ হাজার টন, ডিএপি মজুত আছে ৫ লাখ ৯ হাজার টন এবং এমওপি সারের মজুত আছে প্রায় ২ লাখ ৯৯ হাজার টন। পরিসংখ্যান বলছে, এই মজুত দিয়ে জুন পর্যন্ত কৃষকের সারের চাহিদা নিশ্চিন্তে পার করা যাবে। কিন্তু আসল শঙ্কাটা ঘনীভূত হচ্ছে আগামী জুলাই এবং আগস্ট মাসের আমন মৌসুম নিয়ে।

এই জ্বালানি ও সারের দ্বিমুখী সংকট সরাসরি আঘাত হানছে দেশের খাদ্যনিরাপত্তায়। বোরো ধান বাংলাদেশের মোট চাল উৎপাদনের অর্ধেকেরও বেশি জোগান দেয়। আবার আমন মৌসুমও অত্যন্ত গুরুত্বপূর্ণ। সেচের অভাব বা সারের ঘাটতির কারণে উৎপাদন কমে গেলে বাজারে চালের দাম বেড়ে যাবে, যা সাধারণ মানুষের জীবনযাত্রাকে আরও কঠিন করে তুলবে।

এই বাস্তবতায় কৃষিকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া ছাড়া আর কোনো বিকল্প নেই। দেশীয় সার কারখানাগুলো চালু রাখতে গ্যাস সরবরাহ নিশ্চিত করতে হবে। প্রয়োজনে অন্যান্য খাতে গ্যাস সরবরাহ কমিয়ে হলেও কৃষিসংশ্লিষ্ট উৎপাদন সচল রাখতে হবে। এতে আমদানির ওপর নির্ভরতা কমবে। কৃষকদের জন্য অগ্রাধিকারভিত্তিক জ্বালানি সরবরাহ ব্যবস্থা চালু করা জরুরি। জাতীয় পরিচয়পত্রভিত্তিক ডিজেল বিতরণ ব্যবস্থা চালু করলে প্রকৃত কৃষকেরা ন্যায্যমূল্যে জ্বালানি পাবেন এবং কালোবাজারি কমবে। বোরো মৌসুমে ধান কাটার জন্য ব্যবহৃত যন্ত্রগুলোকে বিশেষ অগ্রাধিকার দিতে হবে। হাওর অঞ্চলে সময়মতো ধান কাটতে না পারলে আগাম বন্যায় ব্যাপক ক্ষতির ঝুঁকি রয়েছে। তাই এসব যন্ত্রের জন্য নিরবচ্ছিন্ন জ্বালানি সরবরাহ নিশ্চিত করতে হবে। বাজার মনিটরিং জোরদার এরপর ২৬ পৃষ্ঠায়

> সৌরচালিত সেচযন্ত্রের ব্যবহার বৃদ্ধি করলে ডিজেলের ওপর নির্ভরতা কমবে এবং কৃষি খাত আরও স্থিতিশীল হবে। কৃষকদের জন্য ভর্তুকি ব্যবস্থাকে আরও কার্যকর করতে হবে। সরাসরি নগদ সহায়তা বা কৃষি উপকরণের ভাউচার প্রদান করলে উৎপাদন ব্যয় কিছুটা কমানো সম্ভব হবে। বিকল্প উৎস থেকে সার ও জ্বালানি আমদানির উদ্যোগ জোরদার করতে হবে। মাঠপর্যায়ে কৃষকদের সঠিক পরামর্শ এবং প্রযুক্তিগত সহায়তা নিশ্চিত করলে সীমিত সম্পদ দিয়েও উৎপাদন ধরে রাখা সম্ভব হবে। সংকট আছে এবং ভবিষ্যতেও থাকবে। কিন্তু এই সংকটকে জয় করার সামর্থ্যও আমাদের রয়েছে। সঠিক ও সময়োপযোগী পরিকল্পনা, বিকল্প বাজারের সন্ধান, দুর্নীতিমুক্ত সরবরাহব্যবস্থা এবং কৃষকের প্রতি রাষ্ট্রের সর্বোচ্চ অগ্রাধিকারই পারে এই কঠিন পরিস্থিতি সামাল দিতে

# সংবিধান সংশোধন বনাম সংস্কার

মাহমুদ হাসান

জুলাই বিপ্লব-পরবর্তী বাংলাদেশের রাজনীতিতে এখন সবচেয়ে আলোচিত এবং বিতর্কিত বিষয় হলো সংবিধানের ভবিষ্যৎ। ছাত্র-জনতার এক অভূতপূর্ব অভ্যুত্থানের মধ্য দিয়ে যে নতুন আকাঙ্ক্ষার জন্ম হয়েছে, তাকে একটি স্থায়ী আইনি ও সাংবিধানিক রূপ দেওয়া এখন সময়ের দাবি। বর্তমান বিএনপি সরকার তাদের নির্বাচনী ইশতেহার এবং দীর্ঘদিনের রাজনৈতিক অঙ্গীকার '৩১ দফা' রাষ্ট্র সংস্কার রূপরেখাকে জুলাই সনদের মূল চেতনার সঙ্গে সমন্বয় করে সংবিধান সংশোধনের পথে এগোচ্ছে। কিন্তু এই গঠনমূলক যাত্রার সমান্তরালে দেখা যাচ্ছে বিরোধীদের এক অদ্ভুত ও রহস্যজনক অবস্থান। তারা 'সংবিধান সংস্কার' বা 'নতুন সংবিধান' তৈরির দাবি তুলে রাজনৈতিক অঙ্গনে একধরনের ধোঁয়াশা সৃষ্টি করছে। যখন সরকারের ইশতেহার এবং জুলাই সনদের মধ্যে কোনো মৌলিক বিরোধ নেই, তখন বিরোধীদের এই অনড় অবস্থান কি আসলেই দেশপ্রেম, নাকি স্রেফ রাজনৈতিক ফায়দা হাসিলের একটি স্টান্টবাজি?



বিএনপি সরকার তাদের ইশতেহারে স্পষ্ট করেছে যে তারা জুলাই বিপ্লবের স্পিরিট বা 'জুলাই সনদ, ২০২৫'-এর প্রতিটি বিন্দু বাস্তবায়নে অঙ্গীকারবদ্ধ। জুলাই সনদের প্রধান দাবিগুলো ছিল-রাষ্ট্রের এককেন্দ্রিক ক্ষমতাকাঠামো ভেঙে দেওয়া, প্রধানমন্ত্রীর একচ্ছত্র ক্ষমতার অবসান এবং রাষ্ট্র পরিচালনায় জবাবদিহি নিশ্চিত করা। সরকারের ৩১ দফায় এই বিষয়গুলো অত্যন্ত সুচারুভাবে সন্নিবেশিত করা হয়েছে। বিশেষ করে, রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর ক্ষমতার সুষম ভারসাম্য রক্ষা, টানা দুই মেয়াদের বেশি কেউ প্রধানমন্ত্রী না থাকা এবং দ্বিকক্ষবিশিষ্ট সংসদ (উচ্চকক্ষ) গঠন করার যে প্রতিশ্রুতি সরকার দিয়েছে, তা জুলাই সনদেরই হুবহু প্রতিফলন। যখন সরকার এই গণদাবিগুলোকে সাংবিধানিক সংশোধনের মাধ্যমে চূড়ান্ত ও কার্যকর আইনি রূপ দিতে চাইছে, তখন বিরোধীদের 'সংস্কার'-এর ডাক মূলত প্রক্রিয়াটিকে জটিল করার একটি অপকৌশল মাত্র।

বিরোধীদের এই বিরোধিতার নেপথ্যে বড় একটি কারণ হলো 'ক্রেডিট ওয়ার' বা কৃতিত্বের লড়াই। তারা ভালো করেই জানে যে জুলাই সনদের সফল বাস্তবায়ন যদি বর্তমান সরকারের হাত ধরে সম্পন্ন হয়, তবে আগামী দীর্ঘ সময় তারা জনসমর্থনের দৌড়ে পিছিয়ে পড়বে। তাই তারা 'সংস্কার' শব্দটিকে একটি ঢাল হিসেবে ব্যবহার করছে। তাদের লক্ষ্য হলো জনগণের মধ্যে এই ধারণা তৈরি করা যে সরকার যা করছে তা 'পুরোনো ব্যবস্থার জোড়াতালি', আর তারা যা বলছে তা-ই 'প্রকৃত পরিবর্তন'। এটি মূলত রাজনৈতিক ময়দানে নিজেদের অস্তিত্ব টিকিয়ে রাখা এবং সাধারণ মানুষকে বিভ্রান্ত করার একটি কৌশলগত স্টান্ট।

সংবিধানের আমূল সংস্কার বা সম্পূর্ণ নতুন একটি সংবিধান প্রণয়ন করা কোনো সহজ বা এরপর ২৯ পৃষ্ঠায়




> কিন্তু বিরোধীরা জটিলতার জাল বুনে রাজনৈতিক জল ঘোলা করতে চায়, যাতে পর্দার আড়ালে তারা সরকারের সঙ্গে অন্যায্য কোনো দর-কষাকষি বা সুযোগ নিতে পারে। জুলাই সনদে পরিষ্কারভাবে বিচার বিভাগের পূর্ণ স্বাধীনতা, নির্বাচন কমিশন সংস্কার এবং সুপ্রিম জুডিশিয়াল কাউন্সিল শক্তিশালী করার কথা বলা হয়েছে। সরকার তাদের ইশতেহারে এই প্রতিষ্ঠানগুলোকে দলীয় প্রভাবমুক্ত করার জন্য নির্দিষ্ট রূপরেখা দিয়েছে। সরকার যখন জনগণের হাতে ক্ষমতার চাবিকাঠি ফিরিয়ে দেওয়ার কথা বলছে, তখন বিরোধীদের নীরবতা প্রমাণ করে যে তারা জনগণের ক্ষমতায়নের চেয়ে নিজেদের রাজনৈতিক আধিপত্য নিয়ে বেশি চিন্তিত। তাদের বিরোধিতার মূল লক্ষ্য আদর্শিক নয়, বরং ক্ষমতাকেন্দ্রিক


> সরকার যখন জুলাই সনদ এবং নিজেদের দীর্ঘদিনের রাজনৈতিক দর্শনের মধ্যে সমন্বয় ঘটিয়ে একটি টেকসই সাংবিধানিক সমাধানের দিকে এগোচ্ছে, তখন বিরোধীদের উচিত ছিল এই প্রক্রিয়ায় গঠনমূলক অংশীদার হওয়া। কিন্তু তারা সেটি না করে 'সংস্কার'-এর ধোয়া তুলে যে বিভেদ তৈরি করছে, তা মূলত জুলাই বিপ্লবের শহীদদের রক্তের সঙ্গে একধরনের প্রতারণা। রাজনৈতিক স্টান্টবাজি দিয়ে সাময়িক দৃষ্টি আকর্ষণ করা গেলেও দীর্ঘ মেয়াদে তা জাতির কোনো উপকারে আসবে না। সময় এসেছে রাজনৈতিক স্বার্থের উর্ধ্বে উঠে বাস্তবসম্মত সাংবিধানিক সংশোধনের মাধ্যমে জুলাই বিপ্লবের চেতনাকে নথিবদ্ধ করার। অন্যথায় ইতিহাসের কাঠগড়ায় বিরোধীদের এই অবস্থান স্রেফ 'সুযোগ সন্ধানী রাজনীতি' হিসেবেই চিহ্নিত হয়ে থাকবে

# দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

## স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০



- ওমরাহ প্যাকেজ
- ওমরাহ ভিসা
- মোয়াল্লেম
- হোটেল ও ট্রান্সপোর্ট



## বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়



Mohammad B Hossain (Belal)
President & CEO

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

**৭৪৯**

JFK-Dhaka-JFK Return

আমরা IATA অনুমোদিত

আমরা ARC অনুমোদিত

DELTA AIR LINES · Biman Bangladesh Airlines · American Airlines · ETIHAD AIRWAYS · QATAR AIRWAYS · Emirates · KUWAIT AIRWAYS



## বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# BANGLA TRAVELS

## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

**বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।**



আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট



কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট



জামান রঞ্জু
ট্রাভেল কনসালটেন্ট



কে.এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট



মাহির
ট্রাভেল কনসালটেন্ট



জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট



নিলয়
ট্রাভেল কনসালটেন্ট

**NEW YORK OFFICE**
73-05 37th Road,
Jackson Heights
NY 11372

**ATLANTA OFFICE**
4229 1st Ave, Suite B,
Tucker, GA 30084
Tel: 404-704-7753

**DHAKA OFFICE**
Floor #03, House #09
Road # 17, Block-E,
Banani, Dhaka-1213
+88 01711256872

**Phone: 917-396-4140, 917-592-7828**

# বাড়ি ক্রয়-বিক্রয়ের কথা ভাবছেন?

## সিদ্ধান্ত নেয়ার এখনই সঠিক সময়

আমরা কম সময়ের মধ্যে আপনার বাড়ি সর্বোচ্চ মূল্যে বিক্রয় করতে সহায়তা করতে পারি।



REALTOR | MLS MULTIPLE LISTING SERVICE | EQUAL HOUSING OPPORTUNITY

ISLAND ADVANTAGE REALTY

360 Motor Parkway Suite 200A, Hauppauge, NY 11788. 631.351.6000

আপনি (০% থেকে ৩.৫% ডাউন পেমেন্টে) FHA লোন সেলফ এমপ্লয়েরা ৫% ডাউন পেমেন্টে (শুধু ২০২৫ সালের ট্যাক্স ফাইল দিয়ে) এবং ইনকাম না থাকলেও ২০% ডাউন পেমেন্ট দিয়ে বাড়ি কিনতে পারেন।


**কামরুজ্জামান বাচ্চু**

**KAMRUZ ZAMAN BACCU**

Licensed Real Estate Salesperson

**347.465.3220**

kamruzbaccu1@gmail.com




**Buying/Selling:**
Residential, Commercial Investment, HUD Auctions, Foreclosures REO/Bank Owned Houses, Short Sale & Stop Foreclosure.

**Rental:**
Cash, W-2
CityPHEPS
PHEPS
Section-8 & other programs

# House & Co-Ops For Sale

| Address | Beds & Baths | Asking Price |
|---|---|---|
| 1715 St Peters Ave, Bronx, NY 10461 | 10 Bedrooms, 6 bathrooms 4 Family House | $1,499,000 |
| 163 Emily Avenue, Elmont, NY 11003 | 4 Bedrooms, 2 bathrooms | $850,000 |
| 21 Piper Lane, Levittown, NY 11756 | 4 Bedrooms, 2 bathrooms Renovated | $799,000 |
| 830 Hendrix Street, Brooklyn, NY 11207 | 9 Bedrooms, 3 bathrooms | $999,900 |
| 40-26 Benham St, Elmhurst, NY11373 (Occupied) | 3 Family, 5 bedrooms, 3 bathrooms 1 car garage | $1,199,000 |
| 140-04 123rd Ave Jamaica NY 11436 (Occupied) | 1 Family | $409,900 |
| 3321 Fish Ave, Bronx, NY 10469 (Bricks) | 2 family 4 beds over 3 beds+ semi-basement,driveway | $995,000 |
| 8902-8904 Glenwood Road Brooklyn | Multi-Family - Mixed Use | $800,000 |
| 21 Spirit Lane Staten Island | 1 Family | $600,000 |
| 20 Whitman Avenue, Islip, Long Island | 1 Family | $599,000 |
| 140-04 123rd Avenue Jamaica | 1 Family | $409,900 |
| 33-47 91st Street Unit 5A Jackson Heights | Occupied (Auction Sale) Co-Op (3 Beds, 1.5 baths) | $125,790 |
| 25-48 96th Street East Elmhurst | Three Family (Occupied) | $899,000 |
| 166-25 Powells Cove Blvd #4D Beechhurst, NY 11357 | Co-Op, 2 Bedrooms, 2 bathrooms | $675,000 |
| 825 Morrison Avenue #12F, Bronx, NY 10473 | Co-Op, 2 Bedrooms, 1 bathroom | $319,000 |

**We Have 200+ Regular, REO and Auction Houses For Sale**

আজই কল করুন, কামরুজ্জামান বাচ্চু (আইল্যান্ড এ্যাডভেন্টেজ রিয়েলটি)- ৩৪৭-৪৬৫-৩২২০







# নিউইয়র্কে বিশ্বনাট্য দিবস '২৬ উদযাপন ও নাট্য প্রদর্শনী

৬২ পৃষ্ঠার পর

অনুষ্ঠানের শুরুতে প্রধান অতিথি আন্তর্জাতিক থিয়েটার ইনস্টিটিউট, আইটিআই-এর প্রেসিডেন্ট টেরেন্স আইরিং এবং বিশেষ অতিথি লিওনার্দ জ্যাকসন (এক্সিকিউটিভ ডিরেক্টর, জেনিএএল ও কোর্টনি ক্রেঞ্চ (আর্টিস্টিক ডিরেক্টর, জেনিএএল)-কে উত্তরীয় ও শুভেচ্ছা উপহার প্রদান করেন কৃষ্টি'র প্রধান নির্বাহী নীতেশ ধর। এরপর তিনি স্বাগত বক্তব্য প্রদান করেন। পরবর্তীতে বিশ্ব নাট্য দিবস উপলক্ষ্যে বাণী পাঠ করা হয় বাংলা (মিতালী দাস) ও ইংরেজি (সাত্যম ধর) উভয় ভাষায় এবং প্রধান অতিথি ও বিশেষ অতিথিবৃন্দ তাদের বক্তব্য প্রদান করেন। অনুষ্ঠানটির উপস্থাপনায় ছিলেন আনিকা ইমাম দ্যুতী এবং অভিনেত্রী শিরিন বকুল।

এছাড়াও অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিব বিন হক (নির্দেশক, অভিনেতা), রোকেয়া রফিক বেবী (নির্দেশক, অভিনেতা), শামসুল আলম বকুল (নির্দেশক, অভিনেতা), সাধনা আহমেদ (নাট্যকার), ড. জীবন বিশ্বাস (লেখক, অভিনেতা), স্বপ্না কাওসার (অভিনেত্রী), খায়রুল ইসলাম পাখি (নির্দেশক, অভিনেতা), মিথুন আহমেদ (নাট্যকার, নির্দেশক), গোলাম সারওয়ার হারুন (নাট্যকার, নির্দেশক, অভিনেতা), তমালিকা কর্মকার (অভিনেত্রী), বন্যা মির্জা (অভিনেত্রী)।

অনুষ্ঠানের মূল আকর্ষণ ছিল দুটি নাট্য প্রযোজনা- দ্যা গেইম, এবং হ্যামলেট এন্ড ওফেলিয়া। দ্যা গেইম নাটকটি লিখেছেন লুইস ব্রায়ান্ট, অনুবাদ করেছেন রুবাইয়াত আহমেদ। নাটকটির সঙ্গীত, কবিতা ও গীত রচনা করেছেন শফিকুল ইসলাম এবং কণ্ঠ দিয়েছেন তানজিন আখতার স্বাতী। আবৃত্তিতে ছিলেন মিথুন আহমেদ। আলোক পরিকল্পনায় ছিলেন আবু সুফিয়ান বিপ্লব এবং মিউজিক প্রজেকশনে তামিমা তিথি। মঞ্চসজ্জায় ছিলেন বিশ্বজিৎ চৌধুরী ও মাহবুবুল হাসান রোকন। প্রযোজনাটির ক্রিয়েটিভ নির্দেশনায় ছিলেন মানউদ সুমন এবং নির্দেশনায় ছিলেন নীতেশ ধর। অভিনয়ে ছিলেন প্রতিমা সুমি, বসুনিয়া সুমন, নীতেশ ধর ও শুভ্র রায়।

অন্যদিকে, হ্যামলেট এন্ড অফেলিয়া প্রযোজনাটি ছিল উইলিয়াম শেক্সপিয়ারের হ্যামলেট-এর এক নতুন ও আবেগঘন পুনর্নির্মাণ। মূল 'হ্যামলেট' নাটকটি বাংলায় অনুবাদ করেছেন শামসুল হক এবং সেখান থেকে হ্যামলেট এন্ড ওফেলিয়ার প্রেম, দর্শনের ভাবনা থেকে নতুনভাবে একটি গল্প উপস্থাপন করা হয়। যার রূপান্তর ও নির্দেশনায় ছিলেন মানউদ সুমন। সঙ্গীতে ছিলেন পিন্টু ঘোষ, মিউজিক প্রজেকশনে নিক্কাত উদ্দিন পলক, আলোক পরিকল্পনায় আবু সুফিয়ান বিপ্লব এবং মঞ্চসজ্জায় বিশ্বজিৎ চৌধুরী ও মাহবুবুল হাসান রোকন। অভিনয়ে ছিলেন, মানউদ সুমন, মুমু মানউদ, মুনা রুবেল, ফিলিপ লিটন, শ্যাম ঘোষ এবং ড. জীবন বিশ্বাস।

নাট্য পরিবেশনায় আলো, সঙ্গীত, অভিনয় ও মঞ্চনির্মাণের সুন্দর সমন্বয় দর্শকদের এক অনন্য অভিজ্ঞতা প্রদান করে। বিশেষ করে হ্যামলেট এন্ড ওফেলিয়া'-এর গাঢ় আবহ, আলোক পরিকল্পনা এবং অভিনয়ের গভীরতা দর্শকদের আবেগতাড়িত করে তোলে; আর 'দ্যা গেইম' নাটকটি সমকালীন সমাজের প্রতিফলন হিসেবে দর্শকদের ভাবনার জগতে নাড়া দেয়। নাটক শেষে উপস্থিত দর্শকদের উদ্দেশ্যে ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন মানউদ সুমন। তিনি বলেন, প্রবাসে বাংলা থিয়েটার চর্চা অব্যাহত রাখতে দর্শকদের সমর্থন ও ভালোবাসা সবচেয়ে বড় প্রেরণা।

আয়োজকদের পক্ষ থেকে জানানো হয়, থিয়েটার শুধু বিনোদন নয়, এটি একটি শক্তিশালী সামাজিক মাধ্যম, যা মানুষের চিন্তা, মূল্যবোধ ও মানবিকতার বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। ভবিষ্যতেও কৃষ্টি এ ধরনের মানসম্পন্ন আয়োজনের মাধ্যমে প্রবাসে বাংলা থিয়েটারের বিকাশে কাজ করে যাবে বলে আশাবাদ ব্যক্ত করা হয়। এবং একইসাথে ঘোষণা করা হয় কৃষ্টি'র আয়োজনে দ্বিতীয়বারের মতো আগামী ১৪-১৬ আগস্ট ২০২৬ অনুষ্ঠিত হতে যাচ্ছে 'দ্বিতীয় কৃষ্টি থিয়েটার ফেস্টিভেল ২০২৬'। এ উপলক্ষে আয়োজিতব্য উৎসবের লগো উন্মোচন করা হয়। লগোর ডিজাইন করেছেন মিথুন আহমেদ।




## ভিসা নিয়ে প্রভাবশালী ১৩ দেশে বাংলাদেশিদের সতর্ক

৩ পৃষ্ঠার পর

যৌথ বিবৃতিতে বলা হয়েছে, ভিসার জন্য আবেদন করতে হলে অবশ্যই নির্ধারিত সরকারি প্রক্রিয়া অনুসরণ করতে হবে। জাল কাগজপত্র ব্যবহার, অনিবন্ধিত বা লাইসেন্সবিহীন এজেন্টের সহায়তা নেওয়া কিংবা অননুমোদিত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে অর্থ দেওয়া থেকে বিরত থাকতে হবে। এ ধরনের অনিয়মের কারণে ভিসাপ্রক্রিয়ায় বিলম্ব, আর্থিক ক্ষতি, সীমান্তে প্রবেশে বাধা ও গুরুতর আইনি জটিলতা তৈরি হতে পারে বলেও যৌথ বিবৃতিতে উল্লেখ করা হয়েছে।

বিবৃতিতে আরও বলা হয়েছে, কোনো দেশের মিশন বা দূতাবাস কোনো এজেন্টের সঙ্গে সংশ্লিষ্ট নয়। কাজেই ভিসাপ্রক্রিয়ায় বিশেষ সুবিধা বা প্রভাব বিস্তারের দাবি করে, এমন মধ্যস্থতাকারীদের ওপর নির্ভর না করতে বিশেষভাবে পরামর্শ দেওয়া হয়েছে।

## বাংলাদেশ সোসাইটির সভাপতির সঙ্গে ব্রঙ্কসে মতবিনিময়

৩ পৃষ্ঠার পর

বাংলাদেশ সোসাইটি ব্রঙ্কসের সাবেক সাধারণ সম্পাদক মোশাহিদ চৌধুরী, বাংলাদেশ সোসাইটি ব্রঙ্কসের প্রচার সম্পাদক শেখ শফিকুর রহমান, কমিউনিটি নেতা সাবেক উপদেষ্টা আব্দুল মুহিত, সাবেক ইউপি চেয়ারম্যান কামরুজ্জামান বশির, এবিএম মাল্টি মিডিয়ার সিইও জামাল উদ্দীন মামুন, বিশিষ্ট কমিউনিটি ব্যক্তিত্ব সায়েফুল বাশীর ভূঁইয়া, ফরাসত বাচ্চু মাস্টার, আবুল কাসেম, মাহবুবুর রহমান শাহীন প্রমুখ। চা চক্রের মাধ্যমে মতবিনিময় সভার সমাপ্তি হয়।


ZILLUR TAX ACCOUNTING
& INSURANCE SERVICES
• Tax Filing & Payroll
• IRS Audit Assistance
• Insurance &
• Real Estate Services
Zillur Rahim
EA, CAA, MBA
IRS Enrolled Agent
• OUR SERVICES
☐ Personal Tax Filing
☐ Business Tax Filing
☐ New Business Setup
☐ Home & Business Insurance
☐ Immigration Services
